ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৯৮৯
আগরতলা, ২৫ আগস্ট, ২০২৪

**প্রতাপগড়ে ত্রাণ শিবির পরিদর্শনে রাজ্যপাল**



রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ সকালে প্রতাপগড় ইংলিশ মিডিয়াম হাইস্কুলস্থিত ত্রাণ শিবির পরিদর্শন করেন। ত্রাণ শিবির পরিদর্শনের সময় রাজ্যপাল ত্রাণ শিবিরের আশ্রয় নেওয়া মানুষের সাথে কথা বলেন। তাছাড়াও রাজ্যপাল বিদ্যালয় প্রাঙ্গনে সৎসঙ্গ বিহার আয়োজিত স্বাস্থ্য শিবিরও পরিদর্শন করেন। ত্রাণ শিবির পরিদর্শনকালে রাজ্যপালের সঙ্গে ছিলেন আগরতলার পুর নিগমের ডেপুটি মেয়র মনিকা দাসদত্ত, অতিরিক্ত জেলাশাসক প্রশান্ত বাদল নেগি ও অতিরিক্ত জেলাশাসক সজল বিশ্বাস এবং সদর মহকুমা শাসক মানিক লাল দাস।

ত্রাণ শিবির পরিদর্শন শেষে সাংবাদিকদের সাথে কথা বলার সময় রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু জানান, হঠাৎ প্রবল বৃষ্টির ফলে রাজ্যে যে বন্যা হয়েছে তা রাজ্যবাসীর জন্য অশেষ দুঃখ কষ্ট বয়ে এনেছে। তিনি আশা প্রকাশ করেন সরকার এবং প্রশাসনের সহযোগিতায় রাজ্যবাসী এই বাধা বিপত্তি কাটিয়ে উঠতে সক্ষম হবে। তিনি আরও বলেন, মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহার সঙ্গে তিনি সর্বদা এই বিষয়ে যোগাযোগ রেখে চলছেন। রাজ্যপাল বন্যা কবলিত অঞ্চলগুলিতে যাতে সংক্রামক ও জলবাহিত রোগ ছড়িয়ে না পড়ে তারজন্য প্রয়োজনীয় ওষুধ দুর্গতদের মধ্যে বিতরণ করার উপর গুরুত্ব আরোপ করেন। রাজ্যপাল আশা প্রকাশ করেন রাজ্য সরকার দ্রুত বন্যায় ক্ষয়ক্ষতির পরিমাণ নিরূপণ করে দুর্গতদের আর্থিক সহায়তা প্রদানে সচেষ্ট হবে।

*****